ডিসেম্বর ৩০, ২০১৯ইং

# অফিস সার্কুলার ঃ ১৩৫- ২০১৯ইং

সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান, প্রধান কার্যালয়।
সকল প্রকল্প পরিচালক/ বিভাগীয় প্রধান (উ:)।
সকল জোন প্রধান
সার্ভিসিং সেল/সেন্টারে কর্মরত সকল
অবলিখন কর্মকর্তা/সহকারী।

**বিষয়ঃ এফপিআর ইস্যুর পূর্বে কোম্পানীর নীতিমালা অনুযায়ী অবলিখন সিদ্ধান্ত সঠিক আছে কিনা তা পরীক্ষা করে দেখা, প্রয়োজনে সংশোধিত অবলিখন সিদ্ধান্ত প্রদান করে এফপিআর ইস্যু অথবা বীমা প্রস্তাব ফাইল প্রধান কার্যালয়ে প্রেরণ করা।**

অবলিখন সিদ্ধান্ত হল প্রস্তাবক কর্তৃক দাখিলকৃত বীমা প্রস্তাবের প্রাথমিক ঝুঁকি নিরুপণ। প্রথম প্রিমিয়ামের পাকা রশিদ (এফপিআর) ইস্যুর মধ্য দিয়েই কোম্পানী বীমা প্রস্তাবকের চুড়ান্ত আর্থিক ঝুঁকি গ্রহন করে থাকে। সার্ভিসিং সেলে কর্মরত অবলিখকরা দুই ভাবে আর্থিক ঝুঁকি গ্রহন করে থাকে।

**প্রথমত:** সার্ভিসিং সেলের অবলিখকগন নিজস্ব অবলিখন সিদ্ধান্তের উপর ভিত্তি করে এফপিআর ইস্যু করে থাকে।

**দ্বিতীয়ত:** প্রধান কার্যালয় থেকে বা কর্পোরেট জোন এর সার্ভিসিং সেন্টার থেকে অবলিখন সিদ্ধান্ত প্রদানকৃত প্রস্তাবপত্রের বিপরীতে এফপিআর ইস্যু করা।

উভয়ক্ষেত্রেই এফপিআর ইস্যু করার সময় অবলিখকগণ অবলিখন সিদ্ধান্তসহ সকল ডকুমেন্ট পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে দেখবেন। এক্ষেত্রে অবলিখন সিদ্ধান্তে কোন ভুল হলে তা সংশোধন করে সংশোধিত অবলিখন সিদ্ধান্তের উপর ভিত্তি করে এফপিআর ইস্যু করবেন। বিশেষ করে প্রধান কার্যালয় থেকে অবলিখন সিদ্ধান্ত প্রদান করা বীমা প্রস্তাবপত্রের উপর ভিত্তি করে এফপিআর ইস্যু করার পূর্বে সার্ভিসিং সেলের অবলিখকগণ নিম্নোল্লিখিত বিষয়গুলো অত্যন্ত গুরুত্ব ও মনোযোগের সাথে পরীক্ষা-নিরীক্ষা করে দেখবেন এবং যে কোন ক্ষেত্রে কোন ভুল হলে প্রযোজ্য অনুযায়ী তা সংশোধন করে নেবেন/ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন/ বীমা প্রস্তাব ফাইল পুণরায় প্রধান কার্যালয়ে প্রেরন করবেন।

১। অবিবাহিতা/প্রথম সন্তান হয় নাই এরুপ মহিলাদের ক্ষেত্রে অবলিখন সিদ্ধান্তে প্রথম গর্ভধারন উপধারা সাপেক্ষে/Subject to First Pregnency Clause লেখা আছে কিনা তা পরীক্ষা করতে হবে। এই উপধারা (Clause) না থাকলে তা অবলিখন সিদ্ধান্তের সাথে যোগ করে নিতে হবে।

২। প্রস্তাবকের ১৮ (আঠার) বছর পূর্ণ না হয়ে থাকলে অর্থাৎ ১৭ বৎসর + ৩৬৫ দিন পূর্ণ না হলে অবলিখন সিদ্ধান্তে অপ্রাপ্ত বয়স্ক জনিত উপধারা সাপেক্ষে/ Subject to minority Clause লেখা আছে কিনা তা পরীক্ষা করে দেখতে হবে। এই উপধারা না থাকলে অবলিখন সিদ্ধান্তে তা যোগ করে নিতে হবে।

৩। বীমা প্রস্তাবপত্রে ও এফএমআর এ বীমা প্রস্তাবকের স্বাক্ষরের তারিখ থেকে পুরুষ প্রস্তাবকের ক্ষেত্রে ৪৫ দিন, মহিলাদের ক্ষেত্রে মাসিকের বা প্রস্তাবপত্রের তারিখ থেকে ৩০ দিন অতিবাহিত হলে ও ফাইলের সাথে সন্তোষজনক ভাল স্বাস্থ্যের ঘোষণা (Declaration of Good Health- DGH) না থাকলে প্রস্তাবকের কাছ থেকে অবশ্যই তা চেয়ে নিতে হবে।

৪। কোন প্রস্তাবকের জীবনে এক/একাধিক বীমা প্রস্তাব বা পলিসির সমন্বয়ে বীমা ঝুঁকি অংক ১,২০,০০০/-(এক লক্ষ বিশ হাজার) টাকার বেশী বা বয়স ৪৫ (পয়তাল্লিশ) বছরের উর্ধ্বে হলে যদি ঐ সকল ফাইলে প্রধান কার্যালয় থেকে CR (শাখা প্রধানের গোপনীয় রিপোর্ট) ছাড়া অবলিখন সিদ্ধান্ত প্রদান করা হয়ে থাকে তাহলে অবশ্যই প্রস্তাবক সম্পর্কে যথাযথভাবে পূরণকৃত ও সন্তোষজনক CR সংগ্রহ করে এফপিআর ইস্যু করতে হবে। প্রস্তাবিত পলিসির বীমা ঝুঁকি অংক সার্ভিসিং সেলের অবলিখকের অবলিখন ক্ষমতার চেয়ে অনেক বেশী হলে গ্রহনকৃত CR সহ বীমা প্রস্তাব ফাইল প্রধান কার্যালয়ে পাঠাতে হবে।

৫। অবলিখনের সাধারণ চাহিদাদি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী (General Instructions regarding underwriting Requirement) এক/একাধিক অবলিখন চাহিদা ছাড়া প্রধান কার্যালয় থেকে অবলিখন সিদ্ধান্ত দেয়া কোন বীমা প্রস্তাবের উপরে সার্ভিসিং সেলের অবলিখক কোন এফপিআর ইস্যু করবেন না। উদাহরনস্বরুপ ৭ লাখ টাকা বীমা ঝুঁকি অংকের ক্ষেত্রে ৪৩ বৎসর বয়সের একজন পুরুষ/মহিলা প্রস্তাবকের জন্য কোম্পানীর অবলিখন নীতিমালা অনুযায়ী অবলিখন চাহিদা FMR, PUR, CBC, FBS, ECG,X-Ray। কিন্তু বীমা প্রস্তাবক, CBC বা অন্য কোন রিপোর্ট দাখিল করেন নাই। কিন্তুপ্রধান কার্যালয়ের কোন অবলিখক উল্লেখিত রিপোর্ট/রিপোর্টসমূহ ছাড়াই অবলিখন সিদ্ধান্ত প্রদান করে ফাইল সার্ভিসিং সেলে পাঠিয়ে দিয়েছেন। এমতাবস্থায় সার্ভিসিং সেলের অবলিখক এই ফাইলের বিপরীতে এফপিআর ইস্যু না করে দাখিল না করা রিপোর্টগুলো প্রস্তাবকের কাছ থেকে সংগ্রহ করে পূনরায় অবলিখন সিদ্ধান্ত প্রদানের জন্য ফাইল প্রধান কার্যালয়ে প্রেরন করাবেন এবং চিঠির/মন্তব্যের মাধ্যমে এফপিআর না করার কারণ বর্ণনা করে তা ফাইলের সাথে সংযুক্ত করে প্রধান কার্যালয়ে প্রেরন করবেন।


প্রধান কার্যালয় : রাজ ভবন (৭ম তলা), ২৯, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, ফোন ঃ ৪১১২৪৮৮, ৯৫৫৪৫৩৮, ৯৫৭৬৪০৪, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৩৯০
ই-মেইল : pilil@primelifebd.com pililbd@gmail.com web : www.primeislamilifebd.com

৬। কোম্পানীর অবলিখন নীতিমালা অনুযায়ী কোন কোন ক্ষেত্রে বিশেষ চাহিদার (Requirment) প্রয়োজন হয়। যেমন: শিশু নিরাপত্তা বীমা পরিকল্পে শিশুর জন্য অতিরিক্ত বিবৃতি ফরম /শিশুর এফএমআর মেয়াদ ৬ (ছয়) মাস। তাই এই ডকুমেন্ট দুটির মেয়াদ ১৮০ (একশত আশি) দিন অতিবাহিত হয়ে থাকলে এফপিআর ইস্যুর পূর্বে পূণরায় প্রস্তাবকের নিকট থেকে ঐ ডকুমেন্ট গ্রহন করার পর এফপিআর ইস্যু সংক্রান্ত পরবর্তী কার্যক্রম গ্রহন করতে হবে।

জীবন বীমার প্রস্তবপত্র, এফএমআর ও অন্যান্য সকল মেডিকেল রিপোর্টের মেয়াদ ৬ (ছয়) মাস। তাই এফপিআর ইস্যুর পূর্বে ভাল ভাবে পরীক্ষা করে দেখতে হবে যে এফএমআরসহ সকল মেডিকেল রিপোর্টের মেয়াদ আছে কিনা। এফএমআর বা অন্য কোন মেডিকেল রিপোর্টের মেয়াদ রিপোর্ট ইস্যুর তারিখ থকে ৬ (ছয়) মাস অতিক্রান্ত হলে এফপিআর ইস্যু করা যাবেনা। এক্ষেত্রে প্রস্তাবকের নিকট থেকে পূণরায় প্রয়োজনীয় সকল রিপোর্ট সংগ্রহ করে বীমা প্রস্তাব ফাইলের সাথে তা প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। প্রস্তাবকের জীবনে বীমা ঝুঁকি অংকের পরিমান ৩০ (ত্রিশ) লাখ টাকা বা তা উর্ধ্বে হলে প্রস্তাবককে সঠিকভাবে পুরণকৃত আর্থিক প্রশ্নমালা দাখিল করতে হয়। এক্ষেত্রে প্রধান কার্যালয় থেকে যথাযথভাবে পূরণকৃত আর্থিক প্রশ্নমালা (Financial Questionnaire) ছাড়া অবলিখন সিদ্ধান্ত প্রদান করা হলে সার্ভিসিং সেল থেকে ঐ ফাইলের এফপিআর না করে প্রস্তাবকের নিকট থেকে পুরণকৃত আর্থিক প্রশ্নমালা সংগ্রহ করে ফাইল প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৭। প্রবাসে কর্মরত বাংলাদেশী প্রস্তাবকদের ক্ষেত্রে বাংলাদেশে সর্বশেষ আগমনের তারিখ (Arrival date) সম্বলিত ইমিগ্রেশন সিলের পাসপোর্টের পৃষ্ঠা দাখিল করা হয় নাই, অথচ প্রধান কার্যালয় থেকে অবলিখন সিদ্ধান্ত প্রদান করা হয়েছে সেই ক্ষেত্রে অবলিখন নীতিমালা প্রয়োজনীয় চাহিদা পুরণ করে ফাইল প্রধান কার্যালয়ে প্রেরন করতে হবে।

৮। যে সকল পরিকল্পে কোন সহযোগী বীমা প্রদান করা হয় না সেই সকল পরিকল্পের সাথে প্রধান কার্যালয় থেকে সহযোগী বীমা প্রদান করে অবলিখন সিদ্ধান্ত প্রদান করা হলে সার্ভিসিং সেলে অবলিখক এর মন্তব্য সহকারে সঠিক অবলিখন সিদ্ধান্ত প্রদানের জন্য ফাইল পূণরায় প্রধান কার্যালয়ের অবলিখন বিভাগে প্রেরন করবেন অথবা DIAB /PDAB ছাড়া পলিসি সামারী সীটে কোম্পানীর মুল অবলিখন সিদ্ধান্তের নিচে সংশোধিত অবলিখন সিদ্ধান্ত প্রদান করে সহযোগী বীমা ছাড়াই এফপিআর ইস্যু করবেন। কোম্পানীর অবলিখন নীতিমালা অনুযায়ী প্রাইম ইসলামী ডিপোজিট, পেনশন বীমা, দুই কিস্তি কল্যাণ বীমা, শিশু নিরাপত্তা বীমা, সুহৃদ সমাহার ও অন্যান্য কিছু পরিকল্প কোন সহযোগী বীমা প্রদান করা হয় না।

উদাহরনস্বরুপঃ শিশু নিরাপত্তা বীমা বা পেনশন বীমা পরিকল্পে বীমা প্রস্তাবক মূল পরিকল্পের সাথে PDAB /DIAB চেয়ে আবেদন করেছে, কিন্তু প্রধান কার্যালয়ের অবলিখক বিষয়টি খেয়াল না করে সাধারণ হারে ঝুঁকি নিরুপণ করেছেন PDAB /DIAB সহ । এই বীমা প্রস্তাব যখন সার্ভিসিং সেলে প্রেরন করা হবে তখন স্থানীয় অবলিখক PDAB /DIAB ছাড়াই এফপিআর ইস্যু করবেন এবং ড্রাফ্‌ট সীটে মুল অবলিখন সিদ্ধান্তের নিচে 'PDAB /DIAB প্রদেয় নয়' মন্তব্য লিখে স্বাক্ষর করবেন এবং সেই অনুযায়ী কোন সহযোগী বীমা ছাড়া এফপিআর ইস্যু করবেন।

৯। কোন পরিকল্পের জন্য অবলিখন নীতিমালায় নির্ধারিত বীমা অংকের সীমার চেয়ে বেশী বীমা অংকের ঝুঁকি প্রধান কার্যালয়ের কোন অবলিখক গ্রহন করলে ঐ বীমা প্রস্তাবের বীমা অংক অবলিখন নীতিমালা অনুযায়ী সর্বোচ্চ সীমায় হ্রাস না করা পর্যন্ত স্থানীয় অবলিখক কোন এফপিআর ইস্যু করবেনা। কোম্পানীতে বিভিন্ন পরিকল্পের জন্য সর্বোচ্চ মাসিক কিস্তির পরিমান ও সর্বোচ্চ বীমা অংকের সীমা নির্দিষ্ট করে দেয়া আছে যেমন- প্রাইম ইসলামী ডিপোজিট পেনশন স্কীমের জন্য সর্বোচ্চ মাসিক কিস্তির পরিকল্প ২০০০ (দুই হাজার) টাকা, দুই কিস্তি কল্যাণ বীমার ক্ষেত্রে সর্বোচ্চ মাসিক কিস্তির পরিমান ১০০০০ (দশ হাজার ) টাকা।

শিশু নিরাপত্তা পরিকল্পের জন্য সর্বোচ্চ বীমা অংকের সীমা ৩০ (ত্রিশ লাখ) টাকা । সুহৃদ সমাহার পরিকল্পের জন্য সর্বোচ্চ বীমা অংকের সীমা ১০ (দশ) লাখ টাকা, দম্পত্তি বীমার জন্য বীমা অংকের সীমা, ১৪৪০০০০/-( চৌদ্দ লক্ষ চল্লিশ হাজার) টাকা। উদাহরনস্বরুপঃ একজন বীমা প্রস্তাবক সুহৃদ সমাহার বীমা পরিকল্পের জন্য ১২ লাখ টাকার একটি বীমা প্রস্তাব দাখিল করে এবং আবেদন অনুযায়ী প্রধান কার্যালয় থেকে অবলিখন সিদ্ধান্ত প্রদান করা হয়। এক্ষেত্রে ঐ ফাইলের জন্য এফপিআর করার সময় সাভিসিং সেলের অবলিখক অবশ্যই ১০ লাখ টাকার বেশী বীমা অংকের উপর এফপিআর ইস্যু করবে না। এরুপ ক্ষেত্রে বীমা প্রস্তাব ফাইলের ড্রাফ্‌ট সীটে, প্রধান কার্যালয়ের অবলিখকের সিদ্ধান্তের নীচে স্থানীয় অবলিখক কোম্পানীর অবলিখন নীতিমালা অনুযায়ী বীমা অংক সর্বোচ্চ ১০ (দশ) লাখ টাকা নির্ধারন করা হল মন্তব্য লিখে স্বাক্ষর করবেন। ফাইলের সাথে এফপিআর এর পূর্বেই পিআর সংযুক্ত করা থাকলে প্রিমিয়ামের অতিরিক্ত টাকা স্থগিত খাতে (Suspense) জমা থাকবে।

১০। কোম্পানীর কিছু কিছু পরিকল্প সকল পেশা ও লিঙ্গের প্রস্তাবকদের কাছে বিক্রয় করা যায়না। যেমনঃ পেনশন ও চিকিৎসা বীমা পরিকল্প গৃহবধু ও ঝুঁকিপূর্ণ পেশার প্রস্তাবকদের জন্য প্রদেয় নয়। সুহৃদ সমাহার বীমা- এসএসসি পাশ নয় এরুপ গৃহবধু ও ঝুঁকিপূর্ণ পেশার প্রস্তাবকদের জন্য প্রদেয় নয়। উদাহরনস্বরুপ : একজন গৃহবধু পেনশন বীমা পরিকল্পের জন্য বীমা প্রস্তাব দাখিল করেছেন, কিন্তু প্রধান কার্যালয়ের অবলিখক এই পরিকল্পের অধীনে প্রস্তাবিকার ঝুঁকি গ্রহন করেছেন। ঐ ফাইল যখন এফপিআর করার জন্য সার্ভিসিং সেলে প্রেরন করা হবে তখন সার্ভিসিং সেলের অবলিখক ঐ পরিকল্পের অধীনে কোন এফপিআর ইস্যু না করে তার মন্তব্য সহ বীমা প্রস্তাব ফাইলটি পূণঃসিদ্ধান্তের জন্য প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় অবলিখন বিভাগে প্রেরন করবেন।


প্রধান কার্যালয় : রাজ ভবন (৭ম তলা), ২৯, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, ফোন ঃ ৪১১২৪৮৮, ৯৫৫৪৫৩৮, ৯৫৭৬৪০৪, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৩৯০
ই-মেইল : pilil@primelifebd.com, pililbd@gmail.com web : www.primeislamilifebd.com

১১। কোন ক্ষেত্রে যদি দেখা যায় যে, প্রস্তাবপত্রে প্রস্তাবকের স্বাক্ষর, এফএমআরএ প্রস্তাবকের স্বাক্ষর/ডাক্তারের স্বাক্ষর ছাড়াই অবলিখন সিদ্ধান্ত হয়ে ফাইল সার্ভিসিং সেলে পাঠিয়ে দেয়া হয়েছে এফপিআর ইস্যু করার জন্য । এক্ষেত্রে স্থানীয় অবলিখক পুণ: সিদ্ধান্তে জন্য তার মন্তব্যসহ ফাইল প্রধান কার্যালয়ের অবলিখন বিভাগে প্রেরন করবেন।

১২। স্থানীয় অবলিখক এফপিআর ইস্যুর পূর্বে নিশ্চিত করবেন যে, প্রস্তাবকের সাথে দাখিলকৃত বয়স প্রমানপত্র, ব্যাংক স্টেটমেন্ট, ট্রেড লাইসেন্স, স্যালারী সার্টিফিকেট, চাকুরীর নথি, টিআইএন নম্বর, ট্যাক্স রিটার্ন , দোকান/বাসা ভাড়ার রসিদ, ইউটিলিটি বিলের ফটোকপি বা অন্য সকল ডকুমেন্ট আরসি বা তদূর্ধ্ব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক তার সিলসহ সত্যায়িত করা হয়েছে । কোনক্রমে উন্নয়ন কর্মকর্তা ব্যতীত কোন সরকারী কর্মকর্তা বা অন্য কারো দ্বারা সত্যায়িত ডকুমেন্ট গ্রহনযোগ্য হবেনা। ডকুমেন্ট সত্যায়িত না করা হলে সংশ্লিষ্ট এফপিআর ইস্যুকারী কর্মকর্তা দায়ী থাকবেন।

১৩। বয়স প্রমান ছাড়া অবলিখন সিদ্ধান্ত প্রদান- কোম্পানীর অবলিখন নীতিমালা অনুযায়ী প্রতিটি বীমা প্রস্তাবের সাথে বয়স প্রমানপত্র দাখিল করতে হবে। প্রধান কার্যালয় থেকে বিশেষ ক্ষেত্রে কম বয়স ও কম বীমা অংকের ক্ষেত্রে কোন কোন সময় বয়স প্রমান ছাড়া অবলিখন ঝুঁকি গ্রহন করা থাকলে অবশ্যই অবলিখক তার মন্তব্য লিখবেন যে, Accepted at O/R without age proof বা বয়স প্রমান ছাড়া সাধারণ হারে গ্রহন করা হল। প্রধান কার্যালয়ের অবলিখক উল্লেখিত মন্তব্য ছাড়া অবলিখন সিদ্ধান্ত প্রদান করলে এবং পরবর্তীতে তা সার্ভিসিং সেন্টারে প্রেরণ করা হলে ঐ ফাইলের বিপরীতে এফপিআর ইস্যু না করে স্থানীয় অবলিখন পুণ:অবলিখন সিদ্ধান্তের জন্য ফাইল প্রধান কার্যালয়ের অবলিখন বিভাগে প্রেরণ করবেন অথবা বয়স প্রমান সংগ্রহ করে এফপিআর ইস্যু করবেন।

**১৪। কোম্পানীর অবলিখন ক্ষমতার অটোমেটিক কভারেজ লিমিট (Automatic Coverage Limit) ৫০(পঞ্চাশ) লাখ টাকা।**
অর্থাৎ এই বীমা ঝুঁকি অংক সীমা পর্যন্ত জীবন বীমার প্রস্তাব Standard Life হিসাবে বিবেচিত হলে অবলিখন সিদ্ধান্ত কোম্পানী গ্রহন করে থাকে। কোন প্রস্তাবকের জীবনে মোট বীমা ঝুঁকি অংকের পরিমান ৫০ (পঞ্চাশ) লাখ টাকার উর্ধ্বে হলেই সেই সকল বীমা প্রস্তাবের অবলিখন সিদ্ধান্ত পুণর্বীমা কোম্পানী প্রদান করে থাকে। পূণর্বীমা কোম্পানীর অবলিখন সিদ্ধান্তের উপর ভিত্তি করে প্রধান কার্যালয়ের চূড়ান্ত অবলিখন সিদ্ধান্ত প্রদান করে থাকে। এই ধরনের কভারেজকে ঐচ্ছিক ঝুঁকি গ্রহন (Facultative Coverage) বলে। রিইন্সিওরারের পূর্ব অনুমোদন ছাড়া প্রধান কার্যালয় থেকে কোন বীমা প্রস্তাবের অবলিখন ঝুঁকি গ্রহন করে ঐ বীমা প্রস্তাব ফাইল কোন সার্ভিসিং সেলে প্রেরণ করা হলে সেই বীমা প্রস্তাবের এফপিআর না করে ফাইল প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৫। এফপিআর ইস্যুর পূর্বে সার্ভিসিং সেলে অবলিখন সিদ্ধান্ত সহ সকল ডকুমেন্ট যথাযথভাবে পরীক্ষা করে দেখবেন। প্রস্তাবপত্র ও শাখা প্রধানের গোপনীয় প্রতিবেদন যথাযথভাবে পূরণ করা না হয়ে থাকলে যেমন: প্রস্তাবপত্রে প্রস্তাবকের স্বাক্ষরের তারিখ, ফিল্ড কর্মকর্তা ও সাক্ষীর নাম, স্বাক্ষর, ঠিকানা ও তারিখ প্রস্তাবপত্রে যথাযথভাবে পূরণ করা হয়েছে তা নিশ্চিত করতে হবে এফপিআর ইস্যুর পুর্বেই। শাখা প্রধানের গোপনীয় রিপোর্টে প্রতিটি ঘর সঠিক ও সম্পূর্ণভাবে পূরন করা হয়েছে কিনা এফপিআর ইস্যুর পূর্বে তা নিশ্চিত করতে হবে।

১৬। এফপিআর ইস্যুর পূর্বে প্রস্তাবপত্রে নমিনীর তথ্য না দেয়া থাকলে /অসম্পূর্ণ তথ্য দেয়া থাকলে তা পূরন করিয়ে নিতে হবে।

**১৭। কোম্পানীর পরিকল্প পরিচিতি, প্রিমিয়াম ও তাবাররু তালিকা বইয়ে প্রস্তাবকদের বিভিন্ন পেশার জন্য অতিরিক্ত প্রিমিয়াম আদায়ের হার উল্লেখ করা হয়েছে।**
প্রধান কার্যালয় থেকে যদি পেশাগত কারণে অতিরিক্ত প্রিমিয়াম আদায় করা প্রয়োজন অথচ পেশাগত অতিরিক্ত প্রিমিয়াম ধার্য্যের সিদ্ধান্ত না দিয়েই অবলিখন সিদ্ধান্ত প্রদান করা হয় সেক্ষেত্রে সার্ভিসিং সেলের অবলিখককে পেশাগত অতিরিক্ত প্রিমিয়াম ধার্য্য করে সংশোধিত অবলিখন সিদ্ধান্ত দিয়ে এবং পেশাগত অতিরিক্ত প্রিমিয়ামের অর্থ আদায় করে এফপিআর ইস্যু করতে হবে। একইভাবে স্বোপার্জিত আয়হীন এবং এসএসসি পাশ নয় এরুপ মহিলা প্রস্তাবকের ক্ষেত্রে মহিলা অতিরিক্ত প্রিমিয়াম (Female Extra Premium) ছাড়া অবলিখন সিদ্ধান্ত দেয়া হলেও এফপিআর করার সময় এই ভুল ঠিক করে অর্থাৎ সংশোধিত অবলিখন সিদ্ধান্তের মাধ্যমে মহিলা অতিরিক্ত প্রিমিয়াম আদায় করে এফপিআর ইস্যু করতে হবে।

**১৮। বিভিন্ন পরিকল্পের ক্ষেত্রে প্রস্তাবকারীর বীমা শুরুতে সর্বনিম্ন ও সর্বোচ্চ বয়সের এবং মেয়াদপূর্তিতে সর্বোচ্চ বয়সের সীমা:** কোম্পানীর বিভিন্ন পরিকল্পে বীমা ঝুঁকি অংক, শিক্ষার মান লিঙ্গভেদে বীমা শুরুতে ও মেয়াদ পূর্তিতে সর্বোচ্চ বয়স সীমা নির্ধারিত আছে। যেমন-শিশু নিরাপত্তা পরিকল্পে বীমার শুরুতে শিশুর সর্বনিম্ন বয়স সীমা ৬ মাস এবং সর্বোচ্চ সয়স সীমা ১৫ বছর। মেয়াদপুর্তিতে শিশুর সর্বোচ্চ বয়স সীমা ৩০ বছর।
লিঙ্গ, শিক্ষাগত যোগ্যতা, বীমা ঝুঁকি অংক ভেদে শিশু নিরাপত্তা পরিকল্পে বীমার শুরুতে প্রস্তাবকের সর্বোচ্চ বয়স ৫০ বছর। বীমা অংক ও লিঙ্গভেদে বীমার শুরুতে সর্বোচ্চ বয়সের সীমা কম হতে পারে। মেয়াদপূর্তিতে সকল প্রস্তাবকের সর্বোচ্চ বয়সের সীমা ৬০ (ষাট) বছর। আবার হজ্ব বীমা পরিকল্পে এসএসসি পাশ পুরুষ প্রস্তাবকের ক্ষেত্রে বীমার শুরুতে সর্বোচ্চ বয়স ৫৫ বৎসর। মেয়াদপূর্তিতে সর্বোচ্চ বয়স ৬৫ বছর। কিন্তু এসএসসি পাশ নয় এরূপ পুরুষ প্রস্তাবকদের ক্ষেত্রে এই বয়স সীমা যথাক্রমে ৫২ ও ৬২ বৎসর। অবলিখন সিদ্ধান্তে যদি ভুলক্রমে বীমার শুরুতে ও মেয়াদপুর্তিতে সর্বনিম্ন ও সর্বোচ্চ বয়স সীমা লংঘিত হয়ে থাকে তাহলে সার্ভিসিং সেল থেকে এইসব ফাইলের এফপিআর না করে বীমা প্রস্তাব ফাইল প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।



প্রধান কার্যালয় : রাজ ভবন (৭ম তলা), ২৯, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, ফোন ঃ ৪১১২৪৮৮, ৯৫৫৪৫৩৮, ৯৫৭৬৪০৪, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৩৯০
ই-মেইল : pilil@primelifebd.com, pililbd@gmail.com web : www.primeislamilifebd.com

**১৯। পেশাগত কারণে যে সকল ক্ষেত্রে বীমা ঝুঁকি গ্রহন করে যায় না এবং DIAB/PDAB দেয়া যায় না বা প্রদান করা গেলেও অতিরিক্ত প্রিমিয়াম আদায় করতে হয়:**

কোম্পানীর অবলিখন নীতিমালা অনুযায়ী কোন কোন পেশার বীমা প্রস্তাবকের ঝুঁকি আমরা গ্রহন করিনা। যেমন সার্কাসের শিল্পী, সিনেমার ড্যামি, সাপুড়ে ইত্যাদি। এই সকল পেশার প্রস্তাবকের অবলিখন ঝুঁকি গ্রহন করা হলেও কোনক্রমেই এই ক্ষেত্রে এফপিআর ইস্যু করা যাবেনা। এই ক্ষেত্রে ফাইল প্রধান কার্যালয়ে ফেরত পাঠাতে হবে। কোম্পানীর অবলিখন নীতিমালা অনুযায়ী অনেক পেশার বীমা প্রস্তাবক আবেদন করলেও তাদেরকে DIAB/PDAB দেয়া হয় না। যেমন ঝালাইকারক, সমুদ্রের জেলে, বেলগাড়ী, ভ্যান, স্কুটার চালক, মধ্যপ্রাচ্যের শ্রমিক প্রভৃতি পেশার প্রস্তাবকদের DIAB/PDAB দেয়া হয়না। কিন্তু কখনো প্রধান কার্যালয় থেকে এই সব পেশার প্রস্তাবকদের DIAB/PDAB প্রদান করে অবলিখন সিদ্ধান্ত প্রদান করা হলেও সার্ভিসিং সেলের অবলিখকগণ DIAB/PDAB সুবিধা প্রদান করে এফপিআর ইস্যু করবেন না। এইরূপ ক্ষেত্রে পলিসি ড্রাফ্ট মূল অবলিখন সিদ্ধান্তের নীচে সার্ভিসিং সেলের অবলিখক মন্তব্য লিখবেন-'কোম্পানীর অবলিখন নীতিমালা অনুযায়ী ডিআইএবি/পিডিএবি প্রদেয় নয়'/"DIAB/PDAB is not admissible as per under writing guideline of the company".

আমরা জানি যে, DIAB/PDAB এর জন্য প্রথম শ্রেণী, দ্বিতীয় শ্রেণী ও তৃতীয় শ্রেণীর পেশা ভেদে তিনটি হারে প্রিমিয়াম এর রেট ধার্য্য করা হয়। যেমন : DIAB এর ক্ষেত্রে প্রথম, দ্বিতীয়, তৃতীয় শ্রেণীর জন্য প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য DIAB হার যথাক্রমে ১.২৫‰, ২‰ , ২.৫০‰ টাকা। অনুরুপভাবে PDAB এর ক্ষেত্রে প্রিমিয়াম হবে যথাক্রমে ৩.৫০‰, ৪.৫০‰ ও ৫.৫০‰ টাকা । তাই ভুলক্রমে পেশাগত রেটিং অনুযায়ী DIAB/PDAB এর ক্ষেত্রে ভুল রেটিং এ অবলিখন সিদ্ধান্ত প্রদান করা হলে এফপিআর করার সময় সঠিক ও সংশোধিত রেটের প্রিমিয়াম আদায় করতে হবে পরিকল্প পরিচিতি ও প্রিমিয়াম তালিকা বইয়ের বিভিন্ন পেশায় নিয়োজিত ব্যক্তিদের রেটিং চার্ট অনুযায়ী।

**২০। বীমাপ্রস্তাব ফাইল প্রধান কার্যালয়ে প্রেরণের পূর্বে এবং সার্ভিসিং সেলে এফপিআর ইস্যুর পূর্বে KYC ও অন্যান্য ডকুমেন্ট যথাযথভাবে পূরণ থাকতে হবে:**

সার্ভিসিং সেল থেকে প্রধান কার্যালয়ে বীমাপ্রস্তাব ফাইল প্রেরণের পূর্বে প্রস্তাবপত্র, শাখা প্রধানের গোপনীয় রিপোর্ট, KYC ও অন্যান্য ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট অবলিখককে নিশ্চিত করতে হবে। KYC ফরম যথাযথভাবে পূরণ না করে প্রস্তাবপত্রের সাথে তা দাখিল করা হলে সংশ্লিষ্ট অবলিখক প্রস্তাবপত্র থেকে তথ্য /উন্নয়ন কর্মকর্তার সহযোগীতা নিয়ে KYC সঠিকভাবে পূরণ করে অন্যান্য ডকুমেন্টের সাথে তা প্রধান কার্যালয়ে প্রেরন করবেন। এফপিআর ইস্যুর পূর্বেও উল্লেখিত বিষয়গুলো পরীক্ষা করে দেখতে হবে।

এই সার্কুলারের কোন বিষয়ে অস্পষ্টতা বোধ করলে বা অধিকতর ব্যাখ্যার এবং এফপিআর ইস্যুসহ অন্য কোন বিষয়ে দিক নির্দেশনার প্রয়োজন হলে প্রধান কার্যালয়ের অবলিখন বিভাগে যোগাযোগ করতে হবে।

৩০/১২/২১

কাজী আবুল মনজুর
এসইভিপি ও ইনচার্জ
প্রশাসন বিভাগ

ডিসেম্বর ৩০, ২০১৯ইং

# অফিস সার্কুলার ঃ ১৩৫- ২০১৯ইং

**সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান, প্রধান কার্যালয়।**
**সকল প্রকল্প পরিচালক/ বিভাগীয় প্রধান (উ:)।**
**সকল জোন প্রধান**
**সার্ভিসিং সেল/সেন্টারে কর্মরত সকল**
**অবলিখন কর্মকর্তা/সহকারী।**

**বিষয়ঃ এফপিআর ইস্যুর পূর্বে কোম্পানীর নীতিমালা অনুযায়ী অবলিখন সিদ্ধান্ত সঠিক আছে কিনা তা পরীক্ষা করে দেখা, প্রয়োজনে সংশোধিত অবলিখন সিদ্ধান্ত প্রদান করে এফপিআর ইস্যু অথবা বীমা প্রস্তাব ফাইল প্রধান কার্যালয়ে প্রেরণ করা।**

অবলিখন সিদ্ধান্ত হল প্রস্তাবক কর্তৃক দাখিলকৃত বীমা প্রস্তাবের প্রাথমিক ঝুঁকি নিরুপণ। প্রথম প্রিমিয়ামের পাকা রশিদ (এফপিআর) ইস্যুর মধ্য দিয়েই কোম্পানী বীমা প্রস্তাবকের চূড়ান্ত আর্থিক ঝুকি গ্রহন করে থাকে। সার্ভিসিং সেলে কর্মরত অবলিখকরা দুই ভাবে আর্থিক ঝুঁকি গ্রহন করে থাকে।

প্রথমত: সার্ভিসিং সেলের অবলিখকগন নিজস্ব অবলিখন সিদ্ধান্তের উপর ভিত্তি করে এফপিআর ইস্যু করে থাকে।

দ্বিতীয়ত: প্রধান কার্যালয় থেকে বা কর্পোরেট জোন এর সার্ভিসিং সেন্টার থেকে অবলিখন সিদ্ধান্ত প্রদানকৃত প্রস্তাবপত্রের বিপরীতে এফপিআর ইস্যু করা।

উভয়ক্ষেত্রেই এফপিআর ইস্যু করার সময় অবলিখকগণ অবলিখন সিদ্ধান্তসহ সকল ডকুমেন্ট পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে দেখবেন। এক্ষেত্রে অবলিখন সিদ্ধান্তে কোন ভুল হলে তা সংশোধন করে সংশোধিত অবলিখন সিদ্ধান্তের উপর ভিত্তি করে এফপিআর ইস্যু করবেন। বিশেষ করে প্রধান কার্যালয় থেকে অবলিখন সিদ্ধান্ত প্রদান করা বীমা প্রস্তাবপত্রের উপর ভিত্তি করে এফপিআর ইস্যু করার পূর্বে সার্ভিসিং সেলের অবলিখকগণ নিম্নোল্লিখিত বিষয়গুলো অত্যন্ত গুরুত্ব ও মনোযোগের সাথে পরীক্ষা-নিরীক্ষা করে দেখবেন এবং যে কোন ক্ষেত্রে কোন ভুল হলে প্রযোজ্য অনুযায়ী তা সংশোধন করে নেবেন/ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন/ বীমা প্রস্তাব ফাইল পুণরায় প্রধান কার্যালয়ে প্রেরন করবেন।

১। অবিবাহিতা/প্রথম সন্তান হয় নাই এরুপ মহিলাদের ক্ষেত্রে অবলিখন সিদ্ধান্তে প্রথম গর্ভধারন উপধারা সাপেক্ষে/Subject to First Pregnency Clause লেখা আছে কিনা তা পরীক্ষা করতে হবে। এই উপধারা (Clause) না থাকলে তা অবলিখন সিদ্ধান্তের সাথে যোগ করে নিতে হবে।

২। প্রস্তাবকের ১৮ (আঠার) বছর পূর্ণ না হয়ে থাকলে অর্থাৎ ১৭ বৎসর + ৩৬৫ দিন পূর্ণ না হলে অবলিখন সিদ্ধান্তে অপ্রাপ্ত বয়স্ক জনিত উপধারা সাপেক্ষে/ Subject to minority Clause লেখা আছে কিনা তা পরীক্ষা করে দেখতে হবে। এই উপধারা না থাকলে অবলিখন সিদ্ধান্তে তা যোগ করে নিতে হবে।

৩। বীমা প্রস্তাবপত্রে ও এফএমআর এ বীমা প্রস্তাবকের স্বাক্ষরের তারিখ থেকে পুরুষ প্রস্তাবকের ক্ষেত্রে ৪৫ দিন, মহিলাদের ক্ষেত্রে মাসিকের বা প্রস্তাবপত্রের তারিখ থেকে ৩০ দিন অতিবাহিত হলে ও ফাইলের সাথে সন্তোষজনক ভাল স্বাস্থ্যের ঘোষণা (Declaration of Good Health- DGH) না থাকলে প্রস্তাবকের কাছ থেকে অবশ্যই তা চেয়ে নিতে হবে।

৪। কোন প্রস্তাবকের জীবনে এক/একাধিক বীমা প্রস্তাব বা পলিসির সমস্বয়ে বীমা ঝুঁকি অংক ১,২০,০০০/-(এক লক্ষ বিশ হাজার) টাকার বেশী বা বয়স ৪৫ (পয়তাল্লিশ) বছরের উর্ধ্বে হলে যদি ঐ সকল ফাইলে প্রধান কার্যালয় থেকে CR (শাখা প্রধানের গোপনীয় রিপোর্ট) ছাড়া অবলিখন সিদ্ধান্ত প্রদান করা হয়ে থাকে তাহলে অবশ্যই প্রস্তাবক সম্পর্কে যথাযথভাবে পূরণকৃত ও সন্তোষজনক CR সংগ্রহ করে এফপিআর ইস্যু করতে হবে। প্রস্তাবিত পলিসির বীমা ঝুঁকি অংক সার্ভিসিং সেলের অবলিখকের অবলিখন ক্ষমতার চেয়ে অনেক বেশী হলে গ্রহনকৃত CR সহ বীমা প্রস্তাব ফাইল প্রধান কার্যালয়ে পাঠাতে হবে।

৫। অবলিখনের সাধারণ চাহিদাদি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী (General Instructions regarding underwriting Requirement) এক/একাধিক অবলিখন চাহিদা ছাড়া প্রধান কার্যালয় থেকে অবলিখন সিদ্ধান্ত দেয়া কোন বীমা প্রস্তাবের উপরে সার্ভিসিং সেলের অবলিখক কোন এফপিআর ইস্যু করবেন না। উদাহরনস্বরুপ ৭ লাখ টাকা বীমা ঝুঁকি অংকের ক্ষেত্রে ৪৩ বৎসর বয়সের একজন পুরুষ/মহিলা প্রস্তাবকের জন্য কোম্পানীর অবলিখন নীতিমালা অনুযায়ী অবলিখন চাহিদা FMR, PUR, CBC, FBS, ECG.X-Ray। কিন্তু বীমা প্রস্তাবক, CBC বা অন্য কোন রিপোর্ট দাখিল করেন নাই। কিন্তুপ্রধান কার্যালয়ের কোন অবলিখক উল্লেখিত রিপোর্ট/রিপোর্টসমূহ ছাড়াই অবলিখন সিদ্ধান্ত প্রদান করে ফাইল সার্ভিসিং সেলে পাঠিয়ে দিয়েছেন। এমতাবস্থায় সার্ভিসিং সেলের অবলিখক এই ফাইলের বিপরীতে এফপিআর ইস্যু না করে দাখিল না করা রিপোর্টগুলো প্রস্তাবকের কাছ থেকে সংগ্রহ করে পূনরায় অবলিখন সিদ্ধান্ত প্রদানের জন্য ফাইল প্রধান কার্যালয়ে প্রেরন করবেন এবং চিঠির/মন্তব্যের মাধ্যমে এফপিআর না করার কারণ বর্ণনা করে তা ফাইলের সাথে সংযুক্ত করে প্রধান কার্যালয়ে প্রেরন করবেন।

৬। কোম্পানীর অবলিখন নীতিমালা অনুযায়ী কোন কোন ক্ষেত্রে বিশেষ চাহিদার (Requirment) প্রয়োজন হয়। যেমন: শিশু নিরাপত্তা বীমা পরিকল্পে শিশুর জন্য অতিরিক্ত বিবৃতি ফরম /শিশুর এফএমআর মেয়াদ ৬ (ছয়) মাস। তাই এই ডকুমেন্ট দুটির মেয়াদ ১৮০ (একশত আশি) দিন অতিবাহিত হয়ে থাকলে এফপিআর ইস্যুর পূর্বে পূণরায় প্রস্তাবকের নিকট থেকে ঐ ডকুমেন্ট গ্রহন করার পর এফপিআর ইস্যু সংক্রান্ত পরবর্তী কার্যক্রম গ্রহন করতে হবে।

জীবন বীমার প্রস্তবপত্র, এফএমআর ও অন্যান্য সকল মেডিকেল রিপোর্টের মেয়াদ ৬ (ছয়) মাস। তাই এফপিআর ইস্যুর পূর্বে ভাল ভাবে পরীক্ষা করে দেখতে হবে যে এফএমআরসহ সকল মেডিকেল রিপোর্টের মেয়াদ আছে কিনা। এফএমআর বা অন্য কোন মেডিকেল রিপোর্টের মেয়াদ রিপোর্ট ইস্যুর তারিখ থকে ৬ (ছয়) মাস অতিক্রান্ত হলে এফপিআর ইস্যু করা যাবেনা। এক্ষেত্রে প্রস্তাবকের নিকট থেকে পূণরায় প্রয়োজনীয় সকল রিপোর্ট সংগ্রহ করে বীমা প্রস্তাব ফাইলের সাথে তা প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। প্রস্তাবকের জীবনে বীমা ঝুঁকি অংকের পরিমান ৩০ (ত্রিশ) লাখ টাকা বা তা উর্ধ্বে হলে প্রস্তাবককে সঠিকভাবে পুরণকৃত আর্থিক প্রশ্নমালা দাখিল করতে হয়। এক্ষেত্রে প্রধান কার্যালয় থেকে যথাযথভাবে পূরণকৃত আর্থিক প্রশ্নমালা (Financial Questionnaire) ছাড়া অবলিখন সিদ্ধান্ত প্রদান করা হলে সার্ভিসিং সেল থেকে ঐ ফাইলের এফপিআর না করে প্রস্তাবকের নিকট থেকে পুরণকৃত আর্থিক প্রশ্নমালা সংগ্রহ করে ফাইল প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৭। প্রবাসে কর্মরত বাংলাদেশী প্রস্তাবকদের ক্ষেত্রে বাংলাদেশে সর্বশেষ আগমনের তারিখ (Arrival date) সম্বলিত ইমিগ্রেশন সিলের পাসপোর্টের পৃষ্ঠা দাখিল করা হয় নাই, অথচ প্রধান কার্যালয় থেকে অবলিখন সিদ্ধান্ত প্রদান করা হয়েছে সেই ক্ষেত্রে অবলিখন নীতিমালা প্রয়োজনীয় চাহিদা পুরণ করে ফাইল প্রধান কার্যালয়ে প্রেরন করতে হবে।

৮। যে সকল পরিকল্পে কোন সহযোগী বীমা প্রদান করা হয় না সেই সকল পরিকল্পের সাথে প্রধান কার্যালয় থেকে সহযোগী বীমা প্রদান করে অবলিখন সিদ্ধান্ত প্রদান করা হলে সার্ভিসিং সেলে অবলিখক এর মন্তব্য সহকারে সঠিক অবলিখন সিদ্ধান্ত প্রদানের জন্য ফাইল পূণরায় প্রধান কার্যালয়ের অবলিখন বিভাগে প্রেরন করবেন অথবা DIAB /PDAB ছাড়া পলিসি সামারী সীটে কোম্পানীর মুল অবলিখন সিদ্ধান্তের নিচে সংশোধিত অবলিখন সিদ্ধান্ত প্রদান করে সহযোগী বীমা ছাড়াই এফপিআর ইস্যু করবেন। কোম্পানীর অবলিখন নীতিমালা অনুযায়ী প্রাইম ইসলামী ডিপোজিট, পেনশন বীমা, দুই কিস্তি কল্যাণ বীমা, শিশু নিরাপত্তা বীমা, সুহৃদ সমাহার ও অন্যান্য কিছু পরিকল্প কোন সহযোগী বীমা প্রদান করা হয় না।

উদাহরনস্বরুপ: শিশু নিরাপত্তা বীমা বা পেনশন বীমা পরিকল্পে বীমা প্রস্তাবক মূল পরিকল্পের সাথে PDAB /DIAB চেয়ে আবেদন করেছে, কিন্তু প্রধান কার্যালয়ের অবলিখক বিষয়টি খেয়াল না করে সাধারণ হারে ঝুঁকি নিরুপণ করেছেন PDAB /DIAB সহ। এই বীমা প্রস্তাব যখন সার্ভিসিং সেলে প্রেরন করা হবে তখন স্থানীয় অবলিখক PDAB /DIAB ছাড়াই এফপিআর ইস্যু করবেন এবং ড্রাফ্ট সীটে মুল অবলিখন সিদ্ধান্তের নিচে 'PDAB /DIAB প্রদেয় নয়' মন্তব্য লিখে স্বাক্ষর করবেন এবং সেই অনুযায়ী কোন সহযোগী বীমা ছাড়া এফপিআর ইস্যু করবেন।

৯। কোন পরিকল্পের জন্য অবলিখন নীতিমালায় নির্ধারিত বীমা অংকের সীমার চেয়ে বেশী বীমা অংকের ঝুঁকি প্রধান কার্যালয়ের কোন অবলিখক গ্রহন করলে ঐ বীমা প্রস্তাবের বীমা অংক অবলিখন নীতিমালা অনুযায়ী সর্বোচ্চ সীমায় হ্রাস না করা পর্যন্ত স্থানীয় অবলিখক কোন এফপিআর ইস্যু করবেনা। কোম্পানীতে বিভিন্ন পরিকল্পের জন্য সর্বোচ্চ মাসিক কিস্তির পরিমান ও সর্বোচ্চ বীমা অংকের সীমা নির্দিষ্ট করে দেয়া আছে যেমন- প্রাইম ইসলামী ডিপোজিট পেনশন স্কীমের জন্য সর্বোচ্চ মাসিক কিস্তির পরিকল্প ২০০০ (দুই হাজার) টাকা, দুই কিস্তি কল্যাণ বীমার ক্ষেত্রে সর্বোচ্চ মাসিক কিস্তির পরিমান ১০০০০ (দশ হাজার ) টাকা।

শিশু নিরাপত্তা পরিকল্পের জন্য সর্বোচ্চ বীমা অংকের সীমা ৩০ (ত্রিশ লাখ) টাকা । সুহৃদ সমাহার পরিকল্পের জন্য সর্বোচ্চ বীমা অংকের সীমা ১০ (দশ) লাখ টাকা, দম্পত্তি বীমার জন্য বীমা অংকের সীমা, ১৪৪০০০০/-( চৌদ্দ লক্ষ চল্লিশ হাজার) টাকা। উদাহরনস্বরুপ: একজন বীমা প্রস্তাবক সুহৃদ সমাহার বীমা পরিকল্পের জন্য ১২ লাখ টাকার একটি বীমা প্রস্তাব দাখিল করে এবং আবেদন অনুযায়ী প্রধান কার্যালয় থেকে অবলিখন সিদ্ধান্ত প্রদান করা হয়। এক্ষেত্রে ঐ ফাইলের জন্য এফপিআর করার সময় সাভিসিং সেলের অবলিখক অবশ্যই ১০ লাখ টাকার বেশী বীমা অংকের উপর এফপিআর ইস্যু করবে না। এরুপ ক্ষেত্রে বীমা প্রস্তাব ফাইলের ড্রাফ্ট সীটে, প্রধান কার্যালয়ের অবলিখকের সিদ্ধান্তের নীচে স্থানীয় অবলিখক কোম্পানীর অবলিখন নীতিমালা অনুযায়ী বীমা অংক সর্বোচ্চ ১০ (দশ) লাখ টাকা নির্ধারন করা হল মন্তব্য লিখে স্বাক্ষর করবেন। ফাইলের সাথে এফপিআর এর পূর্বেই পিআর সংযুক্ত করা থাকলে প্রিমিয়ামের অতিরিক্ত টাকা স্থগিত খাতে (Suspense) জমা থাকবে।

১০। কোম্পানীর কিছু কিছু পরিকল্প সকল পেশা ও লিঙ্গের প্রস্তাবকদের কাছে বিক্রয় করা যায়না। যেমন: পেনশন ও চিকিৎসা বীমা পরিকল্প গৃহবধু ও ঝুঁকিপূর্ণ পেশার প্রস্তাবকদের জন্য প্রদেয় নয়। সুহৃদ সমাহার বীমা- এসএসসি পাশ নয় এরুপ গৃহবধু ও ঝুঁকিপূর্ণ পেশার প্রস্তাবকদের জন্য প্রদেয় নয়। উদাহরনস্বরুপ : একজন গৃহবধু পেনশন বীমা পরিকল্পের জন্য বীমা প্রস্তাব দাখিল করেছেন, কিন্তু প্রধান কার্যালয়ের অবলিখক এই পরিকল্পের অধীনে প্রস্তাবিকার ঝুঁকি গ্রহন করেছেন। ঐ ফাইল যখন এফপিআর করার জন্য সার্ভিসিং সেলে প্রেরন করা হবে তখন সার্ভিসিং সেলের অবলিখক ঐ পরিকল্পের অধীনে কোন এফপিআর ইস্যু না করে তার মন্তব্য সহ বীমা প্রস্তাব ফাইলটি পূণ:সিদ্ধান্তের জন্য প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় অবলিখন বিভাগে প্রেরন করবেন।


প্রধান কার্যালয় : রাজ ভুবন (৫ম তলা), ২৯, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, ফোন ঃ ৪১১২৪৮৮, ৯৫৫৪৫৩৮, ৯৫৭৬৪০৪, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৩৯০
ই-মেইল : pilil@primelifebd.com, pililbd@gmail.com web : www.primeislamilifebd.com

১১। কোন ক্ষেত্রে যদি দেখা যায় যে, প্রস্তাবপত্রে প্রস্তাবকের স্বাক্ষর, এফএমআরএ প্রস্তাবকের স্বাক্ষর/ডাক্তারের স্বাক্ষর ছাড়াই অবলিখন সিদ্ধান্ত হয়ে ফাইল সার্ভিসিং সেলে পাঠিয়ে দেয়া হয়েছে এফপিআর ইস্যু করার জন্য । এক্ষেত্রে স্থানীয় অবলিখক পুণ: সিদ্ধান্তে জন্য তার মন্তব্যসহ ফাইল প্রধান কার্যালয়ের অবলিখন বিভাগে প্রেরন করবেন।

১২। স্থানীয় অবলিখক এফপিআর ইস্যুর পূর্বে নিশ্চিত করবেন যে, প্রস্তাবকের সাথে দাখিলকৃত বয়স প্রমানপত্র, ব্যাংক স্টেটমেন্ট, ট্রেড লাইসেন্স, স্যালারী সার্টিফিকেট, চাকুরীর নথি, টিআইএন নম্বর, ট্যাক্স রিটার্ন , দোকান/বাসা ভাড়ার রসিদ, ইউটিলিটি বিলের ফটোকপি বা অন্য সকল ডকুমেন্ট আরসি বা তদুর্ধ্ব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক তার সিলসহ সত্যায়িত করা হয়েছে । কোনক্রমে উন্নয়ন কর্মকর্তা ব্যতীত কোন সরকারী কর্মকর্তা বা অন্য কারো দ্বারা সত্যায়িত ডকুমেন্ট গ্রহনযোগ্য হবেনা। ডকুমেন্ট সত্যায়িত না করা হলে সংশ্লিষ্ট এফপিআর ইস্যুকারী কর্মকর্তা দায়ী থাকবেন।

১৩। বয়স প্রমান ছাড়া অবলিখন সিদ্ধান্ত প্রদান- কোম্পানীর অবলিখন নীতিমালা অনুযায়ী প্রতিটি বীমা প্রস্তাবের সাথে বয়স প্রমানপত্র দাখিল করতে হবে। প্রধান কার্যালয় থেকে বিশেষ ক্ষেত্রে কম বয়স ও কম বীমা অংকের ক্ষেত্রে কোন কোন সময় বয়স প্রমান ছাড়া অবলিখন ঝুঁকি গ্রহন করা থাকলে অবশ্যই অবলিখক তার মন্তব্য লিখবেন যে, Accepted at O/R without age proof বা বয়স প্রমান ছাড়া সাধারণ হারে গ্রহন করা হল। প্রধান কার্যালয়ের অবলিখক উল্লেখিত মন্তব্য ছাড়া অবলিখন সিদ্ধান্ত প্রদান করলে এবং পরবর্তীতে তা সার্ভিসিং সেন্টারে প্রেরণ করা হলে ঐ ফাইলের বিপরীতে এফপিআর ইস্যু না করে স্থানীয় অবলিখন পুণ:অবলিখন সিদ্ধান্তের জন্য ফাইল প্রধান কার্যালয়ের অবলিখন বিভাগে প্রেরণ করবেন অথবা বয়স প্রমান সংগ্রহ করে এফপিআর ইস্যু করবেন।

**১৪। কোম্পানীর অবলিখন ক্ষমতার অটোমেটিক কভারেজ লিমিটি (Automatic Coverage Limit) ৫০(পঞ্চাশ) লাখ টাকা।**
অর্থাৎ এই বীমা ঝুঁকি অংক সীমা পর্যন্ত জীবন বীমার প্রস্তাব Standard Life হিসাবে বিবেচিত হলে অবলিখন সিদ্ধান্ত কোম্পানী গ্রহন করে থাকে। কোন প্রস্তাবকের জীবনে মোট বীমা ঝুঁকি অংকের পরিমান ৫০ (পঞ্চাশ) লাখ টাকার উর্ধ্বে হলেই সেই সকল বীমা প্রস্তাবের অবলিখন সিদ্ধান্ত পুণর্বীমা কোম্পানী প্রদান করে থাকে। পূণর্বীমা কোম্পানীর অবলিখন সিদ্ধান্তের উপর ভিত্তি করে প্রধান কার্যালয়ের চূড়ান্ত অবলিখন সিদ্ধান্ত প্রদান করে থাকে। এই ধরনের কভারেজকে ঐচ্ছিক ঝুঁকি গ্রহন (Facultative Coverage) বলে। রিইন্সিওরারের পূর্ব অনুমোদন ছাড়া প্রধান কার্যালয় থেকে কোন বীমা প্রস্তাবের অবলিখন ঝুঁকি গ্রহন করে ঐ বীমা প্রস্তাব ফাইল কোন সার্ভিসিং সেলে প্রেরণ করা হলে সেই বীমা প্রস্তাবের এফপিআর না করে ফাইল প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৫। এফপিআর ইস্যুর পূর্বে সার্ভিসিং সেলে অবলিখন সিদ্ধান্ত সহ সকল ডকুমেন্ট যথাযথভাবে পরীক্ষা করে দেখবেন। প্রস্তাবপত্র ও শাখা প্রধানের গোপনীয় প্রতিবেদন যথাযথভাবে পূরণ করা না হয়ে থাকলে যেমন: প্রস্তাবপত্রে প্রস্তাবকের স্বাক্ষরের তারিখ, ফিল্ড কর্মকর্তা ও সাক্ষীর নাম, স্বাক্ষর, ঠিকানা ও তারিখ প্রস্তাবপত্রে যথাযথভাবে পূরণ করা হয়েছে তা নিশ্চিত করতে হবে এফপিআর ইস্যুর পূর্বেই। শাখা প্রধানের গোপনীয় রিপোর্টে প্রতিটি ঘর সঠিক ও সম্পুর্ণভাবে পূরন করা হয়েছে কিনা এফপিআর ইস্যুর পূর্বে তা নিশ্চিত করতে হবে।

১৬। এফপিআর ইস্যুর পূর্বে প্রস্তাবপত্রে নমিনীর তথ্য না দেয়া থাকলে /অসম্পূর্ণ তথ্য দেয়া থাকলে তা পূরন করিয়ে নিতে হবে।

**১৭। কোম্পানীর পরিকল্প পরিচিতি, প্রিমিয়াম ও তাবারক্র তালিকা বইয়ে প্রস্তাবকদের বিভিন্ন পেশার জন্য অতিরিক্ত প্রিমিয়াম আদায়ের হার উল্লেখ করা হয়েছে।**
প্রধান কার্যালয় থেকে যদি পেশাগত কারণে অতিরিক্ত প্রিমিয়াম আদায় করা প্রয়োজন অথচ পেশাগত অতিরিক্ত প্রিমিয়াম ধার্য্যের সিদ্ধান্ত না দিয়েই অবলিখন সিদ্ধান্ত প্রদান করা হয় সেক্ষেত্রে সার্ভিসিং সেলের অবলিখককে পেশাগত অতিরিক্ত প্রিমিয়াম ধার্য্য করে সংশোধিত অবলিখন সিদ্ধান্ত দিয়ে এবং পেশাগত অতিরিক্ত প্রিমিয়ামের অর্থ আদায় করে এফপিআর ইস্যু করতে হবে। একইভাবে স্বোপার্জিত আয়হীন এবং এসএসসি পাশ নয় এরুপ মহিলা প্রস্তাবকের ক্ষেত্রে মহিলা অতিরিক্ত প্রিমিয়াম (Female Extra Premium) ছাড়া অবলিখন সিদ্ধান্ত দেয়া হলেও এফপিআর করার সময় এই ভুল ঠিক করে অর্থাৎ সংশোধিত অবলিখন সিদ্ধান্তের মাধ্যমে মহিলা অতিরিক্ত প্রিমিয়াম আদায় করে এফপিআর ইস্যু করতে হবে।

**১৮। বিভিন্ন পরিকল্পের ক্ষেত্রে প্রস্তাবকারীর বীমা শুরুতে সর্বনিম্ন ও সর্বোচ্চ বয়সের এবং মেয়াদপূর্তিতে সর্বোচ্চ বয়সের সীমা:** কোম্পানীর বিভিন্ন পরিকল্পে বীমা ঝুঁকি অংক, শিক্ষার মান লিঙ্গভেদে বীমা শুরুতে ও মেয়াদ পূর্তিতে সর্বোচ্চ বয়স সীমা নির্ধারিত আছে। যেমন-শিশু নিরাপত্তা পরিকল্পে বীমার শুরুতে শিশুর সর্বনিম্ন বয়স সীমা ৬ মাস এবং সর্বোচ্চ সয়স সীমা ১৫ বছর। মেয়াদপুর্তিতে শিশুর সর্বোচ্চ বয়স সীমা ৩০ বছর।

লিঙ্গ, শিক্ষাগত যোগ্যতা, বীমা ঝুঁকি অংক ভেদে শিশু নিরাপত্তা পরিকল্পে বীমার শুরুতে প্রস্তাবকের সর্বোচ্চ বয়স ৫০ বছর। বীমা অংক ও লিঙ্গভেদে বীমার শুরুতে সর্বোচ্চ বয়সের সীমা কম হতে পারে। মেয়াদপূর্তিতে সকল প্রস্তাবকের সর্বোচ্চ বয়সের সীমা ৬০ (ষাট) বছর। আবার হজ্ব বীমা পরিকল্পে এসএসসি পাশ পুরুষ প্রস্তাবকের ক্ষেত্রে বীমার শুরুতে সর্বোচ্চ বয়স ৫৫ বৎসর। মেয়াদপূর্তিতে সর্বোচ্চ বয়স ৬৫ বছর। কিন্তু এসএসসি পাশ নয় এরুপ পুরুষ প্রস্তাবকদের ক্ষেত্রে এই বয়স সীমা যথাক্রমে ৫২ ও ৬২ বৎসর। অবলিখন সিদ্ধান্তে যদি ভুলক্রমে বীমার শুরুতে ও মেয়াদপুর্তিতে সর্বনিম্ন ও সর্বোচ্চ বয়স সীমা লংঘিত হয়ে থাকে তাহলে সার্ভিসিং সেল থেকে এইসব ফাইলের এফপিআর না করে বীমা প্রস্তাব ফাইল প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।


প্রধান কার্যালয় : রাজ ভবন (৭ম তলা), ২৯, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, ফোন : ৪১১২৪৮৮, ৯৫৫৪৫৩৮, ৯৫৭৬৪০৪, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৩৯০
ই-মেইল : pilil@primelifebd.com, pililbd@gmail.com, web : www.primeislamilifebd.com

**১৯। পেশাগত কারণে যে সকল ক্ষেত্রে বীমা ঝুঁকি গ্রহন করে যায় না এবং DIAB/PDAB দেয়া যায় না বা প্রদান করা গেলেও অতিরিক্ত প্রিমিয়াম আদায় করতে হয়:**

কোম্পানীর অবলিখন নীতিমালা অনুযায়ী কোন কোন পেশার বীমা প্রস্তাবকের ঝুঁকি আমরা গ্রহন করিনা। যেমন সার্কাসের শিল্পী, সিনেমার ড্যামি, সাপুড়ে ইত্যাদি। এই সকল পেশার প্রস্তাবকের অবলিখন ঝুঁকি গ্রহন করা হলেও কোনক্রমেই এই ক্ষেত্রে এফপিআর ইস্যু করা যাবেনা। এই ক্ষেত্রে ফাইল প্রধান কার্যালয়ে ফেরত পাঠাতে হবে। কোম্পানীর অবলিখন নীতিমালা অনুযায়ী অনেক পেশার বীমা প্রস্তাবক আবেদন করলেও তাদেরকে DIAB/PDAB দেয়া হয় না। যেমন ঝালাইকারক, সমুদ্রের জেলে, বেলগাড়ী, ভ্যান, স্কুটার চালক, মধ্যপ্রাচ্যের শ্রমিক প্রভৃতি পেশার প্রস্তাবকদের DIAB/PDAB দেয়া হয়না। কিন্তু কখনো প্রধান কার্যালয় থেকে এই সব পেশার প্রস্তাবকদের DIAB/PDAB প্রদান করে অবলিখন সিদ্ধান্ত প্রদান করা হলেও সার্ভিসিং সেলের অবলিখকগণ DIAB/PDAB সুবিধা প্রদান করে এফপিআর ইস্যু করবেন না। এইরুপ ক্ষেত্রে পলিসি ড্রাফট মূল অবলিখন সিদ্ধান্তের নীচে সার্ভিসিং সেলের অবলিখক মন্তব্য লিখবেন-'কোম্পানীর অবলিখন নীতিমালা অনুযায়ী ডিআইএবি/পিডিএবি প্রদেয় নয়'/"DIAB/PDAB is not admissible as per under writing guideline of the company".

আমরা জানি যে, DIAB/PDAB এর জন্য প্রথম শ্রেণী, দ্বিতীয় শ্রেণী ও তৃতীয় শ্রেণীর পেশা ভেদে তিনটি হারে প্রিমিয়াম এর রেট ধার্য্য করা হয়। যেমন : DIAB এর ক্ষেত্রে প্রথম, দ্বিতীয়, তৃতীয় শ্রেণীর জন্য প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য DIAB হার যথাক্রমে ১.২৫‰, ২‰ , ২.৫০‰ টাকা। অনুরুপভাবে PDAB এর ক্ষেত্রে প্রিমিয়াম হবে যথাক্রমে ৩.৫০‰, ৪.৫০‰ ও ৫.৫০‰ টাকা । তাই ভুলক্রমে পেশাগত রেটিং অনুযায়ী DIAB/PDAB এর ক্ষেত্রে ভুল রেটিং এ অবলিখন সিদ্ধান্ত প্রদান করা হলে এফপিআর করার সময় সঠিক ও সংশোধিত রেটের প্রিমিয়াম আদায় করতে হবে পরিকল্প পরিচিতি ও প্রিমিয়াম তালিকা বইয়ের বিভিন্ন পেশায় নিয়োজিত ব্যক্তিদের রেটিং চার্ট অনুযায়ী।

**২০। বীমাপ্রস্তাব ফাইল প্রধান কার্যালয়ে প্রেরণের পূর্বে এবং সার্ভিসিং সেলে এফপিআর ইস্যুর পূর্বে KYC ও অন্যান্য ডকুমেন্ট যথাযথভাবে পূরণ থাকতে হবে:**

সার্ভিসিং সেল থেকে প্রধান কার্যালয়ে বীমাপ্রস্তাব ফাইল প্রেরণের পূর্বে প্রস্তাবপত্র, শাখা প্রধানের গোপনীয় রিপোর্ট, KYC ও অন্যান্য ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট অবলিখককে নিশ্চিত করতে হবে। KYC ফরম যথাযথভাবে পূরণ না করে প্রস্তাবপত্রের সাথে তা দাখিল করা হলে সংশ্লিষ্ট অবলিখক প্রস্তাবপত্র থেকে তথ্য /উন্নয়ন কর্মকর্তার সহযোগীতা নিয়ে KYC সঠিকভাবে পূরণ করে অন্যান্য ডকুমেন্টের সাথে তা প্রধান কার্যালয়ে প্রেরন করবেন। এফপিআর ইস্যুর পূর্বেও উল্লেখিত বিষয়গুলো পরীক্ষা করে দেখতে হবে।

এই সার্কুলারের কোন বিষয়ে অস্পষ্টতা বোধ করলে বা অধিকতর ব্যাখ্যার এবং এফপিআর ইস্যুসহ অন্য কোন বিষয়ে দিক নির্দেশনার প্রয়োজন হলে প্রধান কার্যালয়ের অবলিখন বিভাগে যোগাযোগ করতে হবে।

**কাজী আবুল মনজুর**
এসইভিপি ও ইনচার্জ
প্রশাসন বিভাগ

**অনুলিপিঃ**

১. মূখ্য নির্বাহী কর্মকর্তা- সদয় অবগতির জন্য।
২. উপ-ব্যবস্থাপনা পরিচালক ও সিএফও ।
৩. উপ-ব্যবস্থাপনা পরিচালক ও কোম্পানি সচিব।
৪. মাষ্টার ফাইল ।